

ঢাবি “অধ্যাপক মোহাম্মদ আলী নওয়াব স্মৃতি
স্বর্ণপদক” তহবিলে আরও ২ লাখ টাকা প্রদান

ঢাকা বিশ্ববিদ্যালয় রসায়ন বিভাগে বিভাগীয় প্রয়াত অধ্যাপক ড. মোহাম্মদ আলী নওয়াবের নামে ইতোপূর্বে প্রতিষ্ঠিত “অধ্যাপক মোহাম্মদ আলী নওয়াব স্মৃতি স্বর্ণপদক” তহবিলের মূলধন বৃদ্ধিকল্পে আরও ২ লক্ষ টাকা প্রদান করা হয়েছে। মরহুম অধ্যাপকের সহধর্মিণী মিসেস রাবেয়া খন্দকার আজ ২১ জুলাই ২০১০ বুধবার ২ লক্ষ টাকার একটি চেক বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য অধ্যাপক ড. হারুন-অর-রশিদের নিকট হস্তান্তর করেন।

উপাচার্য দফতরে আয়োজিত এই অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক, বিজ্ঞান অনুষদের ডীন অধ্যাপক ড. তাজমেরী এসএ ইসলাম, রসায়ন বিভাগের ট্রাস্টি বোর্ডের সদস্য অধ্যাপক ড. মোহাম্মদ ইউসুফ আলী মোল্লা, অধ্যাপক মোহাম্মদ আলী নওয়াবের ছোট ছেলে যুক্তরাষ্ট্রের ইউনিভার্সিটি অব নেবরাসকার (University of Nebraska) সহযোগী অধ্যাপক ড. আলী নওয়াদ ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার সৈয়দ রেজাউর রহমান উপস্থিত ছিলেন।

এই ট্রাস্ট ফান্ডের আয় থেকে প্রতি বছর ঢাকা বিশ্ববিদ্যালয় রসায়ন বিভাগের এমএসসি পরীক্ষায় ১ম শ্রেণীতে ১ম স্থান অধিকারী ছাত্র/ছাত্রীকে স্বর্ণপদক প্রদান করা হবে।

উপাচার্য অধ্যাপক আরেফিন সিদ্দিক এই ট্রাস্ট ফান্ডের মূলধন বৃদ্ধিকল্পে নতুনভাবে অর্থ প্রদানের জন্য মিসেস রাবেয়া খন্দকার ও তাঁর পরিবারের সদস্যদের ধন্যবাদ জ্ঞাপন করেন।

উল্লেখ্য, অধ্যাপক মোহাম্মদ আলী নওয়াব ১৯৫০ সাল থেকে ১৯৮১ সাল পর্যন্ত ঢাকা বিশ্ববিদ্যালয় রসায়ন বিভাগে অধ্যাপনা করেন। এছাড়া, তিনি কিছু সময় ইরাকের সুলাইমানিয়া বিশ্ববিদ্যালয়ে রসায়ন বিভাগে শিক্ষকতা করেন। প্রয়াত এই অধ্যাপকের তিন ছেলে ও দুই মেয়ের মধ্যে সবাই স্ব স্ব ক্ষেত্রে প্রতিষ্ঠা লাভ করেছেন।





ঢাকা বিশ্ববিদ্যালয় রসায়ন বিভাগে বিভাগীয় প্রয়াত অধ্যাপক ড. মোহাম্মদ আলী নওয়াবের নামে ইতোপূর্বে প্রতিষ্ঠিত “অধ্যাপক মোহাম্মদ আলী নওয়াব স্মৃতি স্বর্ণপদক” তহবিলের মূলধন বৃদ্ধিকল্পে মরহুম অধ্যাপকের সহধর্মিণী মিসেস রাবেয়া খন্দকার আজ ২১ জুলাই ২০১০ বুধবার ২ লক্ষ টাকার একটি চেক বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য অধ্যাপক ড. হারুন-অর-রশিদের নিকট হস্তান্তর করেন। এ সময় ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক উপস্থিত ছিলেন।

In order to raise the “Professor Mohammad Ali Nawab Memorial Gold Medal Fund”, established earlier in the DU Chemistry Department, late Prof. Ali Nawab’s wife Mrs. Rabeya Khondaker handed over a cheque of Tk. 2 lac to DU Pro-VC Prof. Dr. Harun-or-Rashid today (Wednesday), 21 July 2010 at a simple ceremony held at the VC’s office. VC Prof. AAMS Arefin Siddique was present on the occasion.